

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৩৬

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ শুভকাজে প্রতিযোগিতা ও শীঘ্র করা এবং পুণ্যকামীকে পুণ্যের প্রতি তৎপরতার সাথে নির্দ্বিধায় সম্পাদন করতে উৎসাহিত করা

আরবী

وَعَن سَهْلِ بِن سَعدٍ أَنَّ رَسُولَ اللهِ عَلَيْ أُتِيَ بِشَرابٍ فَشَرِبَ مِنْهُ وَعَن يَمِينِهِ غُلاَمٌ وَعَن يَمِينِهِ غُلاَمٌ وَعَن يَمِينِهِ غُلاَمٌ وَعَن يَمِينِهِ غُلاَمٌ وَعَن يَسَارِهِ الأَشْيَاخُ فَقَالَ الغُلامُ: لاَ وَاللهِ يَا رَسُولَ اللهِ لاَ أُوثِرُ بِنَصِيبِي مِنْكَ أَحَداً فَتَلَّهُ رَسُولُ اللهِ عَلِيْ في يَدِهِ متفقٌ عَلَيْهِ

বাংলা

আল্লাহ তা'আলা বলেন.

وَفِي ذَلِكَ فَلْيَتَنَافَسِ الْمُتَنَافِسُونَ

অর্থাৎ, এ ব্যাপারে (জান্নাত লাভের জন্য) প্রতিযোগীরা প্রতিযোগিতা করুক। (সূরা মুত্বাফফিফীন ২৬ আয়াত)

(৪৩৬) সাহল ইবনে সা'দ (রাঃ) থেকে বর্ণিত, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর সামনে কোন পানীয় পরিবেশন করা হল। তিনি তা থেকে পান করলেন। তাঁর ডান দিকে ছিল একটি বালক আর বাম দিকে ছিল কয়েকজন বয়োজ্যেষ্ঠ ব্যক্তি। (নিয়ম হল, ডান দিকে আগে দেওয়া তাই) তিনি বালকটিকে বললেন, তুমি কি আমাকে অনুমতি দেবে, আমি ঐ বয়স্ক লোকদেরকে আগে পান করতে দিই? বালকটি বলল, 'আল্লাহর কসম! হে আল্লাহর রসূল! আপনার কাছ থেকে আমার ভাগে আসা জিনিসের ক্ষেত্রে আমি কাউকে আমার উপর অগ্রাধিকার দেব না। (সা'দ বলেন,) 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন পেয়ালাটি তার হাতে তুলে দিলেন।

ফুটনোট

* ঐ বালক ছিলেন, ইবনে আব্বাস (রাঃ)।



(বুখারী ২৪৫১, মুসলিম ৫৪১২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন